

স্মারক নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৭. ১৩৩৬

তারিখ: ০৮/০২/২০১৮

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে গণভবন থেকে সকল জেলা-উপজেলার 'উন্নয়ন মেলা' ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

আগামী ১১ জানুয়ারি ২০১৮, বৃহস্পতিবার সকাল ১০টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল জেলা-উপজেলার 'উন্নয়ন মেলা' ২০১৮ এর শুভ উদ্বোধন করবেন। উক্ত ভিডিও কনফারেন্স বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের স্ব স্ব মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম. ফ্রিকোয়েন্সিতে উক্ত ভিডিও কনফারেন্স একযোগে রীলে হবে।

- ২। ভিডিও কনফারেন্সের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস/প্রটোকল অনুবিভাগ-এর সাথে যোগাযোগপূর্বক ভিডিও কনফারেন্স যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। উক্ত ভিডিও কনফারেন্স প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবর্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এছাড়া ভিডিও কনফারেন্স প্রচারকালীন ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে/সমন্বয়ের মাধ্যমে প্রচার হবে।
- ৪। ভিডিও কনফারেন্সটি প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। এক্ষেত্রে প্রয়োজন হলে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো দুপুর ১২টা ১০মিনিটে বিরত না হয়ে ভিডিও কনফারেন্স প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৫। উক্ত ভিডিও কনফারেন্স সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র-গণভবন, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
- ৬। উক্ত ভিডিও কনফারেন্স আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে রীলের জন্য ৬৯৩ কিলোহার্জ/এফ.এম ১০৬.০মেগাহার্জের অনুষ্ঠান স্যাটেলাইটে আপলিঙ্ক করার জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭। ভিডিও কনফারেন্স সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৮। উক্ত ভিডিও কনফারেন্স সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ ভিডিও কনফারেন্স প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
- ৯। ভিডিও কনফারেন্স প্রচারের ক্ষেত্রে ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গান অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
- ১০। উক্ত ভিডিও কনফারেন্স সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাদের প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
- ১১। উক্ত ভিডিও কনফারেন্সের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। ভিডিও কনফারেন্স শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। পরিচালক, লিয়াজে, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(সাহাউদ্দিন আহমেদ)

উপমহাপরিচালক, অনুষ্ঠান

ফোন: ০২- ৪৪৮১৩০৬৭

মহাপরিচালকের পক্ষে।

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজে, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪ কালুরঘাট, চট্টগ্রাম।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।